



বোয়ালমারী পৌরসভা কার্যালয়

বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং-বোঃপৌঃ/ফরিদ/ঠিকাঃ লাইঃ/২০২৩-২৪/

তাং-

বিষয় : ২০২৩-২৪ অর্থ বছরের জন্য বোয়ালমারী পৌরসভার সকল শ্রেণীর ঠিকাদারী লাইসেন্স নবায়ন/নতুন তালিকাভুক্ত করণ প্রসঙ্গে।

এতদ্বারা বোয়ালমারী পৌরসভার তালিকাভুক্ত/নতুন সকল শ্রেণীর ঠিকাদারদের লাইসেন্স ২০২৩-২৪ অর্থ বছরের জন্য নবায়ন/নতুন তালিকাভুক্তির নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী পূরণ/কাগজপত্র প্রদান সাপেক্ষে স্ব-স্ব প্রতিষ্ঠানকে নবায়ন/নতুন তালিকাভুক্তি করিবার জন্য আবেদন করিতে অনুরোধ করা যাইতেছে।

- ১। আয়কর কর্তৃপক্ষের প্রদত্ত সর্বশেষ আয়কর সার্টিফিকেট এর সত্যায়িত কপি(মূল কপি সঙ্গে আনতে হবে)।
- ২। ট্রেড লাইসেন্স হালনাগাদ এর সত্যায়িত কপি ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত (মূল কপি সঙ্গে আনতে হবে)।
- ৩। ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ৪। ঠিকাদারী লাইসেন্স এর মূল বহি(নবায়নের ক্ষেত্রে)।
- ৫। নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে শ্রেণী ভিত্তিক অভিজ্ঞতার সনদ।
- ৬। নতুন তালিকাভুক্তি/নবায়নের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে সংযুক্ত শর্তাবলী অবশ্যই পূরণ করিতে হইবে।

নবায়নের সময় সীমাঃ

১।	জরিমানা ব্যতীত	৩১/০৮/২০২৩ খ্রীঃ
২।	৫০% জরিমানাসহ	৩১/১২/২০২৩ খ্রীঃ
৩।	১০০% জরিমানাসহ	৩০/০৬/২০২৪ খ্রীঃ

নতুন তালিকাভুক্তি ও নবায়ন ফি নিম্নরূপ :

১।	তালিকাভুক্তির ফি(ভ্যাট ছাড়া)	৫০০০/-
২।	নবায়ন ফি (ভ্যাট ছাড়া)	২০০০/-

উল্লিখিত তারিখের মধ্যে লাইসেন্স নতুন/নবায়নে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট ঠিকাদার কোন দরপত্রে অংশ গ্রহণ করিতে পারিবে না। উক্ত ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

স্বাঃ

(মোঃ সেলিম রেজা)

মেয়র


বোয়ালমারী পৌরসভা
বোয়ালমারী, ফরিদপুর।

তাং- ১৮/০৭/২০২৩

স্মারক নং-বোঃপৌঃ/ফরিদ/ ঠিকাঃ লাইঃ/২০২২-২৩/৩২৮

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। পুলিশ সুপার, ফরিদপুর।
- ৩-৬। নির্বাহী প্রকৌশলী/বোয়ালমারী পৌরসভা/গনপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/এলজিইডি, ফরিদপুর
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
- ৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালমারী, ফরিদপুর।
- ৯। পৌর নির্বাহী কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা।
- ১০-২১। জনাব,..... কাউন্সিলর,নং ওয়ার্ড, বোয়ালমারী পৌরসভা।
- ২২।সকল ঠিকাদার।
- ২৩। সম্পাদক, সাপ্তাহিক বোয়ালমারী বার্তা, বোয়ালমারী, ফরিদপুর তাকে বিজ্ঞপ্তি ভিতরের পাতায় এক দিন ছাপানের জন্য অনুরোধ করা হলো।
- ২৪। নোটিশ বোর্ড।


(মোঃ সেলিম রেজা)

মেয়র

বোয়ালমারী পৌরসভা
বোয়ালমারী, ফরিদপুর